দৈনিক জনকণ্ঠ

তারিখ MAY 30·1999
পৃঃ ৭ কলাম ৩

# এসএসসি পরীক্ষার ফল প্রকাশ মধ্যজুনে

ইলিয়াস খান ॥ আগামী মাসের দ্বিতীয় সপ্তাহে এসএসসি পরীক্ষার ফল প্রকাশ হতে পারে। বিভিন্ন বোর্ড সূত্রে জানা গেছে. ইতোমধ্যে পরীক্ষকগণ প্রধান পরীক্ষকের নিকট খাতা কেটে নম্বর পাঠিয়ে দিয়েছেন। প্রধান পরীক্ষক এ নম্বর কম্পিউটার কেন্দ্রে পাঠাবেন। সূত্র জানায়, দু'একদিনের মধ্যেই কম্পিউটার কেন্দ্রে নম্বর পাঠানো হবে। কম্পিউটার কেন্দ্রে পূর্ণ ফল তৈরি করতে ১৫ দিন সময় লাগবে। সে কারণেই আগামী মাসের মাঝামাঝি সময় ফল প্রকাশ করা হবে। তবে যশোর বোর্ডের নাম প্রকাশে অনিচ্ছুক এক উর্ধতন কর্মকর্তা বলেন. ফল

(১১-এর পাতায় দেখুন

## এসএসসি পরীক্ষার

*(প্রথম পাতার পর)*

প্রকাশ অনেক সময় মন্ত্রণালয়ের ইচ্ছার ওপর নির্ভর করে। বর্তমান বছরেও শিক্ষা মন্ত্রণালয় চাপ প্রয়োগ করলে আগামী মাসের প্রথম সপ্তাহেও ফল প্রকাশ করা হতে পারে। তিনি বলেন, এ বছর আমরা সর্বাধিক কম সময় ২১ দিনে পরীক্ষা নেয়া শেষ করেছি। ফল প্রকাশের ক্ষেত্রেও আমরা কম সময় নেয়ার চেষ্টা করব।

এদিকে ফল প্রকাশ নিয়ে ছাত্র-অভিভাবকদের উৎকণ্ঠার অন্ত নেই। প্রতিদিন পত্রিকা অফিসে ফোন করে তাঁরা জানতে চাচ্ছেন কবে ফল প্রকাশ করা হচ্ছে।